

## 💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের বিবিধ জ্ঞাতব্য (مسائل متفرقة في الصلاة) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

১২. আঙ্গুলে তাসবীহ গণনা করা (عقد التسابيح بالأنامل)

রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, مُسْتَنْطَقَاتٌ مُسْتَنْطَقَاتٌ مُسْتَنْطَقَاتٌ مُسْتَنْطَقَاتٌ (তামরা তাসবীহ সমূহ আঙ্গুলে গণনা কর। কেননা আঙ্গুল সমূহ किয়ামতের দিন জিজ্ঞাসিত হবে এবং তারা কথা বলবে'।[74] দানা বা কংকর দিয়ে তাসবীহ গণনার হাদীছটি যঈফ [75] এবং 'তাসবীহ মালায় গণনাকারী ব্যক্তি কতই না সুন্দর' (السُّبْتَةَ الْمُذَكِّرُ) মর্মে বর্ণিত মরফূ হাদীছটি মওয়ু বা জাল।[76] অতএব প্রচলিত তাসবীহ মালায় বা অন্য কিছু দ্বারা তাসবীহ গণনা করা সুন্নাত বিরোধী আমল। তাছাড়া এতে 'রিয়া' অর্থাৎ লোক দেখানোর সম্ভাবনা বেশী থাকে। আর 'রিয়া' হ'ল ছোট শিরক'।[77] ফলে তাসবীহ পাঠের সকল নেকী বরবাদ হবার সম্ভাবনা থাকবে। তাসবীহ দু'হাতে বা বাম হাতে নয়। বরং ডান হাতে গণনা করতে হবে। কেননা রাস্লুল্লাহ (ছাঃ) খানাপিনাসহ সকল শুভ ও পবিত্র কাজ ডান হাতে করতেন এবং পায়খানা-পেশাব ও অন্যান্য কাজ বামহাতে করতেন।[78] আব্দুল্লাহ ইবনু আমর (রাঃ) বলেন, আমি রাস্লুল্লাহ (ছাঃ)-কে ডান হাতে তাসবীহ গণনা করতে দেখেছি।[79] আর এটা স্বত:সিদ্ধ কথা যে, ডান হাতের গণনা কড়ে আঙ্গুল দিয়ে শুরুক করতে হয়, বুড়ো আঙ্গুল দিয়ে নয়। কেননা ডান হাতের ডান পাশ কড়ে আঙ্গুল দিয়েই শুরু হয়েছে এবং এ আঙ্গুল দিয়ে গণনা শুরু করাটাই সহজ ও স্বভাবগত।

## ফুটনোট

- [74] . আবুদাঊদ, তিরমিয়ী, মিশকাত হা/২৩১৬ 'দো'আ সমূহ' অধ্যায়-৯, অনুচ্ছেদ-৩।
- [75] . আবুদাঊদ হা/১৫০০, 'ছালাত' অধ্যায়-২, 'কংকর দ্বারা তাসবীহ গণনা' অনুচ্ছেদ-৩৫৯; মিশকাত হা/২৩১১।
- [76] . মুসনাদে দায়লামী; যঈফাহ হা/৮৩।
- [77] . আহমাদ, মিশকাত হা/৫৩৩৪ ' 'হৃদয় গলানো' অধ্যায়-২৬, 'লোক দেখানো ও শুনানো' অনুচ্ছেদ-৫; ছহীহাহ হা/৯৫১।
- [78] . আবুদাউদ হা/৩২-৩৩; ঐ, মিশকাত হা/৩৪৮, 'পবিত্রতা' অধ্যায়-৩।



## [79] . বায়হাকী ২/১৮৭; আবুদাউদ হা/১৫০২ 'ছালাত' অধ্যায়-২, অনুচ্ছেদ-৩৫৯।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9230

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন